

৪৬



**শামসুন্নাহার ও রোকেয়া
হল ছাত্রী সংসদের
বিস্ময় প্রকাশ**

(বিশ্ববিদ্যালয় সংবাদপত্র)
ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া
ও শামসুন্নাহার হল ছাত্রী সংসদ
বেগম খালেদা জিয়ার সভানেতৃত্বে
অনুষ্ঠিত বিএনপির সভায় ক্যাম্পাসে
ছাত্রীদের ওপর ছাত্রদের হান-
লার দায়দায়িত্ব অস্বীকারের
ব্যাপারে বিস্ময় ও ক্ষোভ প্রকাশ
করেছে।

ছাত্রী সংসদ দু'টার সহ-
সভানেত্রী ও সাধারণ সম্পাদিকা
যথাক্রমে সুলশান মাহমুদ ও নাজমা
আবতীর এবং মনিরা রহমান ও
সাহিদা ইয়াসমিন গতকাল এক
যুক্ত বিবৃতিতে বলেন, ছাত্রীদের
ওপর হানলার কলংকজনক ঘটনা
প্রকাশ্য দিবালোকে ঘটেছে। বিশ্ব
বিদ্যালয়ের ছাত্র শিক্ষক কর্মচারী
এমনকি সাংবাদিকরাও ঘটনার
সাক্ষী যে, কারা পৈশাচিক উন্ম-
ত্ততা নিয়ে সশস্ত্র হামলা চালিয়ে-
ছিল। কিং খুবই দুঃখজনক যে,
বেগম জিয়া তাদের বিরুদ্ধে
সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ না
করে দায়দায়িত্ব এড়িয়ে গেলেন।
তার এ পদক্ষেপ হিংস্রতা, বর্ব-
রতা ও সন্ত্রাসী তাওকেই মদদ
যোগাবে বলে বিবৃতিতে উল্লেখ
করা হয়।



গতকাল সন্ধ্যায় জাতীয় প্রেসক্লাবে রোকেয়া হল এবং শামসুন্নাহার হল শাখা ছাত্রদের ছাত্রীদের সাংবাদিক সম্মেলন। --সংবাদ